দক্ষিণ সুরমায় মহানগর যুবদলের লিফলেট বিতরণ

ডেস্ক রিপোর্ট : সিলেট মহানগর যুবদলের সভাপতি শাহনেওয়াজ বক্ত চৌধুরী তারেক বলেছেন, দেশ বাঁচাতে তারুণ্যের সমাবেশ ঘিরে সিলেটজুড়ে উৎসবমূখর পরিবেশ বিরাজ করছে। আওয়ামী ফ্যাসিবাদী শাসনের বিরুদ্ধে দেশের আপমর জনতা গর্জে উঠেছে। তরুণ সমাজকে ভোটাধিকার থেকে বঞ্চিত করে আওয়ামীলীগ দেশে একদলীয় বাকশাল কায়েম করেছে। তরুণ প্রজন্মের নবীণ ভোটারের ভোটাধিকার প্রতিষ্ঠায় ৯ জুলাইয়ের সিলেট বিভাগীয় তারুণ্যের সমাবেশ সফল করতে সিলেটের যুব সমাজ প্রস্তুত রয়েছে।

তিনি বুধবার (৫ জুলাই) বিকেলে সিলেট মহানগর যুবদলের উদ্যোগে নগরীর দক্ষিণ সুরমার ২৫, ২৬ ও ২৭নং ওয়ার্ডের বিভিন্ন স্থানে ৯ জুলাইয়ের দেশ বাঁচাতে সিলেট বিভাগীয় তারুণ্যের সমাবেশ সফলের লক্ষ্যে লিফলেট বিতরণ ও প্রচার মিছিল পরবর্তী সংক্ষিপ্ত সমাবেশে সভাপতির বক্তব্যে উপরোক্ত কথা বলেন। এসময় মহানগর যুবদল সভাপতি শাহনেওয়াজ বক্ত চৌধুরী তারেক ও সাধারণ সম্পাদক মির্জা মোঃ সম্রাট হোসেনের নেতৃত্বে বৃহত্তর কদমতলী, মুক্তিযোদ্ধা চত্ত্বর, হুমায়ুন রশিদ চত্ত্বরসহ বিভিন্ন স্থানে লিফলেট বিতরণ করা হয়।

লিফলেট বিতরণকালে মহানগর যুবদলের সাধারণ সম্পাদক মির্জা মোঃ সম্রাট হোসেন বলেন, দেশ বাঁচাতে ৯ জুলাইয়ের সিলেট বিভাগীয় তারুণ্যের সমাবেশ ইতিহাস সৃষ্টি করবে। সমাবেশ সফলে সিলেটবাসী সর্বাত্মকভাবে প্রস্তুত রয়েছে। সকলের সম্মিলিত প্রচেষ্টায় তারুণ্যের সমাবেশ জনসমূদ্রে পরিনত হবে।

লিফলেট বিতরণকালে উপস্থিত ছিলেন, সাবেক আহবায়ক কমিটির নেতৃবৃন্দের মধ্যে থেকে তোফাজ্জল হোসেন বেলাল, সোহেল মাহমুদ, নজরুল ইসলাম, কয়েস আহমদ, এমদাদুল হক স্বপন, এম এ মতিন, মোজাহিদুল ইসলাম জাহাঙ্গীর, রায়হান আহমদ, উসমান গনি, এনামুল হক চৌধুরী শামীম, ইসহাক আহমদ, ওয়ার্ড নেতৃবৃন্দের মধ্যে থেকে ২৬নং ওয়ার্ড যুবদলের আহবায়ক বাবলু হোসেন হৃদয়, ২৫নং ওয়ার্ড যুবদলের আহবায়ক মেহরাজ হোসেন রাজু, সিনিয়র যুগ্ম আহবায়ক মজনু মিয়া, ২৬নং ওয়ার্ড যুবদলের যুগ্ম আহবায়ক লায়েক আহমদ, মেহেদী হাসান সাজাই,

ফরহাদ আহমদ, শওকত আহমদ ও শামীম আহমদ প্রমূখ। বিজ্ঞপ্তি